গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তর)
www.dhaka.gov.bd

স্মারক নং ৫১.০১.২৬০০.০১৮.৪২.০০৮.২৩- ৭০০

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

প্রেরক : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।

প্রাপক : ১। সার্কেল অফিসার
তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ/সাভার/ধামরাই, ঢাকা।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত টাকা হতে প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ টাকা উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০০৫.২৩-২৩২, তারিখ: ১৪-০৮-২০২৩খ্রি.
২। বিভাগীয় কমিশনার, ঢাকা এর স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.১৪.০০২.১৮-২০১, তারিখ: ০৭-০৯-২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ১ম কিস্তিতে বিভাগীয় কমিশনার, ঢাকা, বিভাগ, ঢাকার অনুকূলে নগদ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত টাকা দ্বারা বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পসমূহ নিম্নলিখিত শর্তাবলী ও সর্বশেষ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ অনুসরণপূর্বক আগামী ৩০/০৯/২০২৩খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত বাস্তবায়ন নির্দেশিকার ৮.(ক) জেলা কর্ণধার কমিটি, (খ) কর্ণধার কমিটির কর্মপরিধির (১১) নং ক্রমিকের নির্দেশনা মোতাবেক গৃহীত প্রকল্পসমূহ যাচাই বাছাই শেষে জেলা কর্ণধার কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপক্ষে প্রকল্পের নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ টাকা তাঁর অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোর্ড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র. নং | আওতাভূক্ত উপজেলার নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | তেজগাঁও উন্নয়ন সার্কেল ঢাকা | মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতির উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০২ | | অর্গানাইজেশন ফর ডিজএ্যাবল্ড ইমপ্রুভমেন্ট এ্যান্ড রাইটস (অদির) প্রতিবন্ধী বিদ্যালয় সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, ৬৫৩/এ জাহাবক্স লেন, গাবতলা, মগবাজার, ঢাকা-১২১৭। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০৩ | | জীবন গড়ি উন্নয়ন ফাউন্ডেশন সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, মুগদা, মান্ডা, মানিকনগর, ঢাকা। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০৪ | | জয়নগর মুক্তিযোদ্ধা জামে মসজিদ নিমার্ণের জন্য অর্থ বরাদ্দ, অফিসার্স এপার্টমেন্ট কমপ্লেক্স, ৬/২, বাইশটেকি, মিরপুর-১৫, ঢাকা-১২১৬। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০৫ | | সুইসাইড প্রিভেনশন ইয়ুথ সোসাইটির অফিস রুম নেয়ার জন্য অর্থ বরাদ্দ, ৩৩, খিলগাও বাগিচা, ঢাকা-১২১৯। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০৬ | | শ্রী শ্রী রমনা কালী মন্দির ও শ্রীমা আনন্দময়ী আশ্রম সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, ৯-১০, পুরাতন ময়মনসিংহ রোড, সোহরাওয়ার্দী উদ্যান, শাহবাগ, ঢাকা-১০০০। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০৭ | | বিভাগীয় কমিশনারের কার্যালয় এর গ্যারেজ সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা। | ২,০০,০০০/- (দুই লক্ষ) |
| ০৮ | সাভার | বোধিজ্ঞান ভাবনা কেন্দ্র (বৌদ্ধ বিহার) সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, বঙ্গাবন্ধু সড়ক, আশুলিয়া, ঢাকা। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ০৯ | তেজগাঁও উন্নয়ন সার্কেল ঢাকা | গভ: ল্যাবরেটরী হাই স্কুলের অডিটরিয়াম সংস্কার ও মেরামতের জন্য অর্থ বরাদ্দ, মতিঝিল, ঢাকা। | ২,০০,০০০/- (দুই লক্ষ) |
| ১০ | | ওয়ারী ক্লাব, ঢাকার সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, ওয়ারী, ঢাকা। | ১,০০,০০০/- (এক লক্ষ) |
| ১১ | সাভার | উপজেলার ভার্কুতা গ্রামের ১ম টায়ার ফ্যাক্টরী থেকে বাচ্চু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তার সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, ভার্কুতা, সাভার, ঢাকা। | ১,০০,০০০/- (এক লক্ষ) |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ১২ | সাভার | জালেশ্বর পুকুর খনন কাজ ও সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, সাভার, ঢাকা। | ১,৫০,০০০/-<br>(এক পঞ্চাশ হাজার) |
| ১৩ | ধামরাই | ধামারাই পুকুর খনন কাজ ও সংস্কারের জন্য অর্থ বরাদ্দ,<br>ধামরাই, ঢাকা। | ১,৫০,০০০/-<br>(এক পঞ্চাশ হাজার) |
| ১৪ | নবাবগঞ্জ | দিঘীরপাড়া খাস পুকুর খনন কাজ ও সংস্কারের জন্য অর্থ বরাদ্দ, নবাবগঞ্জ, ঢাকা। | ১,৫০,০০০/-<br>(এক পঞ্চাশ হাজার) |
| | | সর্বমোট সতের লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র | ১৭,৫০,০০০/- |

শর্তসমূহ :

(১) বরাদ্দকৃত টাকা বিলের মাধ্যমে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণিরোড, ঢাকা/সংশ্লিষ্ট উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে উত্তোলন করতে হবে।

(২) বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন কাজ আগামী ৩০-০৯-২০২৩ খ্রি. তারিখের সম্পন্ন করতে হবে;

(৩) এ কর্মসুচির বরাদ্দকৃত নগদ টাকা ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও সর্বশেষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জারীকৃত গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টি.আর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুশাসনাবলী অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে ;

(৪) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রকল্প প্রাক্কলন প্রণয়নপূর্বক বরাদ্দকৃত **টাকা** ছাড় করতে হবে। কোন অবস্থায় প্রকল্প প্রাক্কলন প্রণয়ন ব্যতিত টাকা ছাড় করা যাবে না।

(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলারকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকারদিতে হবে।

(৬) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মনিন্দর রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইস'র সভাপতি করতে হবে।

(৭) নির্ধারিত সময় সীমার মধ্যে বাস্তবায়ন কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত কর বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ ;

(৮) কোন প্রকল্পসমূহ ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/আইন বিধির আওতায় আনতে হবে;

(৯) প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা;

(১০) অবিলম্বে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(১১) যে কোন প্রকল্প/প্রকল্পসমূহ দ্বৈত হলে কোন অবস্থায় বরাদ্দকৃত টাকা ছাড় করা যাবে না। প্রকল্পটি/প্রকল্পসমূহের অনুকূলে প্রদত্ত বরাদ্দ বাতিলের প্রস্তাব প্রেরণ করতে হবে।

(১২) প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে উপযুক্ত কর্মকর্তা দ্বারা সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চি করতে হবে;

(১৩) প্রকল্পসমূহ বাস্তবায়নের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে, এ কার্যালয়ে প্রেরণ এবং নিরীক্ষার জন্য যাবতীয় হিসাব ও ভাউচার যথারীত তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

(১৪) প্রকল্পসমূহের সংশোধীত প্রাক্কলন প্রনয়ণ ও এক কপি প্রাক্কলন দাখিলপূর্বক প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করতে হবে।

(১৫) প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বের ছবি এবং বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর ছবি সংরক্ষ করতে হবে।

(১৬) প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর প্রতিটি প্রকল্পের পূর্বের এবং বর্তমান ছবি প্রেরণ করতে হবে।

(১৭) বরাদ্দকৃত টাকায় বাদ্যযন্ত্র ও ক্রীড়া সামগ্রী ক্রয়পূর্বক সকল উপজেলায় বিতরণ করতে হবে।

(১৮) বাস্তবায়ন নির্দেশিকার ১০(ক) অনুযায়ী প্রতিটি প্রকল্পের সাইনবোর্ড প্রকল্প সাইডে স্থাপন করতে হবে। স্থাপিত সাইনবোর্ডের ছবি প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার পূর্বে এ কার্যালয়ের প্রকল্পের নাম লিখে উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। সাইনবোর্ডের ছবি বাস্তবায়ন কাজ শুরু করার তিন দিনের মধ্যে দাখিল করতে হবে। প্রকল্প বাস্তবায়ন কাজ শেষ হওয়ার পর একমাস প্রকল্প সাইডে প্রদর্শন করতে হবে।

(১৯) প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করার পূর্বে প্রকল্পের পূর্বের অবস্থার এবং বাস্তবায়ন পরবর্তী অবস্থার ছবি প্রকল্পের বর্ণনা উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার স্বাক্ষরসহ এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(২০) পরিদর্শন,পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২। **এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।**

২৪/০৮/২০২৩

মো. আব্দুর রহমান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।
ফোন-৪১০৫১০৬৫
মোবাইল:০১৭০০৭১৬৬৭৮
E-mail: drrodhaka@gmail.com

চলমান পাতা-০৩

স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০০৩.২৩.৭০০

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-.........., ঢাকা-..............।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ/সাভার/ধামরাই, ঢাকা।

৭। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (উপ-বরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো)।

৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নবাবগঞ্জ/সাভার/ধামরাই, ঢাকা।

১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, ঢাকা।

১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবাবগঞ্জ/সাভার/ধামরাই/তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।

১৩। অফিস কপি।

২৪/০৯/২০২৩

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ঢাকা।